দৈনিক ইনকিলাব

176

তারিখ ... FEB. 25 1999 ...
পৃষ্ঠা ... ৩ ... কলাম ৩ ......

# প্রশাসনিক কর্মকর্তা কর্মচারী ও শিক্ষকদের মধ্যে সৌহার্দ্যপূর্ণ মনোভাব থাকা উচিৎ –চঃ বিঃ ভিসি

**চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় রিপোর্টার :** ভাইস চ্যান্সেলর প্রফেসর আবদুল মান্নান বলেছেন, মুষ্টিমেয় ছাত্র ছাড়া বিশ্ববিদ্যালয়ের সকল ছাত্রছাত্রীর মধ্যে সৌহার্দ্যপূর্ণ মনোভাব ও ভ্রাতৃত্ববোধ বজায় রয়েছে। প্রশাসনিক কর্মকর্তা, কর্মচারী এবং শিক্ষক-শিক্ষিকাদের মধ্যেও এমনভাব থাকা উচিত। চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় অফিসার সমিতির নবনির্বাচিত কর্মকর্তাদের অভিষেক অনুষ্ঠানে

তিনি একথা বলেন। নব নির্বাচিত সভাপতি আবদুর রউফ মিয়ার সভাপতিত্বে অনুষ্ঠানে প্রোভিসি ড. আবু ইউসুফ বিশেষ অতিথি ছিলেন। ভিসি প্রফেসর মান্নান বলেন, মুষ্টিমেয় ছাত্রের কারণে যেমন মাঝেমধ্যে বিশৃংখলা হয়, তেমনি অপাঙক্তেয় কারো কর্মকাণ্ডে যাতে প্রশাসনিক কার্যক্রম ব্যাহত না হয় সেদিকে সকলের দৃষ্টি রাখতে হবে।